গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-০৩ শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- ৯২৬

তারিখ: ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৮.০৩.২০২২ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো। উল্লেখ্য, উক্ত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ০৭.০৪.২০২২ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ০২ (দুই) পাতা।

৩১/০৩/2022

(রাহেলা রহমত উল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৬০৪৮
admin3@mefwd.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা;
০২. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, প:ক: ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৪. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা;
০৫. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা;
০৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
০৭. যুগ্মসচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৮. যুগ্মসচিব (নার্সিং), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৯. যুগ্মসচিব (পরিকল্পনা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১০. উপ-সচিব (পার-১),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
১১. অধ্যক্ষ, ঢাকা নার্সিং কলেজ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা;
১২. অধ্যক্ষ, সৈয়দ জোহরা তাজউদ্দিন নার্সিং কলেজ, কাপাসিয়া, গাজীপুর;
১৩. অধ্যক্ষ, হলি ফ্যামিলি রেড ক্রিসেন্ট নার্সিং কলেজ, ১ নং ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা;
১৪. নাসিং ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইনষ্টিটিউট, মিটফোর্ড, ঢাকা;
১৫. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় অবগতি জন্য :

০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা
০২. অফিস কপি।

E:\Admin-3\বিবিধ\A.forwarding.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
প্রশাসন-৩ শাখা
www.mefwd.gov.bd

বিষয় : **সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতি : মো: সাইফুল হাসান বাদল
সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
সভার স্থান : মন্ত্রণালয়ের সভা কক্ষ
তারিখ : ০৮.০৩.২০২২ খ্রি:
সময় : দুপুর : ১২.০০ ঘটিকা

সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার পটভূমি তুলে ধরেন। তিনি বলেন, রাষ্ট্রের অন্যতম লক্ষ্য ও দায়িত্ব হলো নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সততা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্য বাস্তবায়নেই মন্ত্রিপরিষদ বিভাগ ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা কার্যক্রম শুরু করে। এই বিভাগ কর্তৃক প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অংশীজনের সভার আলোচ্যসূচি বাস্তবায়নের জন্যই অদ্যকার সভার আয়োজন করা হয়। সুশাসনের ০৫টি জবাবদিহিমূলক উপকরণ জাতীয় শুদ্ধাচার কৌশল, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, তথ্য অধিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ও অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা নিয়ে আলোচনার জন্য সভাপতি অংশীজনদেরকে অনুরোধ জানান।

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ | ক. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা বলেন, সারা দেশে পরিবার পরিকল্পনার সকল কার্যালয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সংক্রান্ত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নির্ধারিত কৌশলসমূহ এবং গত সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এডিপির লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ে অর্জনের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর নির্ধারিত কৌশলসমূহ অর্জনে দ্রুত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা |
| | | খ. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সংক্রান্ত ২০২০-২১ অর্থবছরের যে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছিল তার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। ইতোমধ্যে এ অধিদপ্তরের আওতাধীন দপ্তর/পরিদপ্তরে প্রভাষক (ইংরেজি) দু'টি শূন্য পদের বিপরীতে ০২ (দুই) জন কর্মকর্তা সরাসরি নিয়োগ দেয়া হয়েছে এবং সহকারী প্রোগ্রামার (নন-নার্সিং) এর দু'টি শূন্যপদ পূরণের নিমিত্ত PSC থেকে সুপারিশ পাওয়া গিয়েছে। করোনা কালীন সময়ে কোন প্রশিক্ষণ বন্ধ ছিল না বলেও তিনি উল্লেখ করেন। তবে নার্সিং-এ জনবলের ঘাটতি প্রকট। কাজের ব্যাপ্তি অনুযায়ী জনবল কম। তাই সেবা প্রদানে বিঘ্ন সৃষ্টি হচ্ছে। | সহকারী প্রোগ্রামার (নন-নার্সিং) পদের দু'টি শূন্য পদে অবিলম্বে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এছাড়াও, অবশিষ্ট শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া অবিলম্বে শেষ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর, ঢাকা |
| | | গ. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সংক্রান্ত ২০২১-২২ অর্থবছরের ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণ সংক্রান্ত গাইডলাইনটি হালনাগাদ করা হয়েছে। | হালনাগাদকৃত গাইডলাইন অনুযায়ী মেডিকেল কলেজ এর অধ্যক্ষ মহোদয়দের প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত শুরু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, ঢাকা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ঘ. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) বলেন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণ সংক্রান্ত ২০২১-২২ অর্থবছরের ১ম সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এডিপির লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের কার্যক্রম চলমান রয়েছে। নিপোর্টের বিভিন্ন শ্রেণির ৪৮টি শূন্য পদ পূরণের জন্য পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। পিএসসি কিছু নির্দেশনা দিয়েছে। সে প্রেক্ষিতে কার্যক্রম চলমান রয়েছে। | পিএসসি এর নির্দেশনা মতে নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পাদন করতে হবে। | জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনিস্টিটিউট (নিপোর্ট), ঢাকা |
| | | ঙ. অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) বলেন, সেবা সহজিকরণ ও উদ্ভাবন কার্যক্রম সুশাসন প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় প্রশিক্ষণ কার্যক্রমে উক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা যেতে পারে। | সেবা সহজীকরণ ও উদ্ভাবন বিষয়ে এ বিভাগের নব যোগদানকৃত এবং সকল কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চীফ ইনোভেশন অফিসার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ |
| | | চ, যুগ্মসচিব (প্রশাসন) বলেন, শুদ্ধাচার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আব্যশিক কৌশলগত উপাদান। এ কারণে ২০২১-২০২২ অর্থবছরে এপিএ লক্ষ্য অর্জনে শুদ্ধাচার কৌশল পরিকল্পনা বাস্তবায়নের কোন বিকল্প নেই। | ২০২১-২০২২ অর্থবছরে এপিএ সূচকে লক্ষ্যমাত্রা অর্জনে পূর্বের অর্থবছরের ধারাবাহিকতা অক্ষুণ্ন রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন অনুবিভাগ, স্বাশিপক |
| | | ঘ. অধ্যক্ষ, ঢাকা নার্সিং কলেজ জানান, নার্সিং সেবায় গুনগত মান নিশ্চিত করার জন্য বিভিন্ন সরকারি নার্সিং কলেজে জনবল ঘাটতি রয়েছে। সেদিকে দৃষ্টিপাত করা প্রয়োজন। | সরকারি নার্সিং কলেজসমূহের নার্সিং সেবায় গুণগত মান নিশ্চিতকরণে দ্রুত জনবল নিয়োগের কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর |

০২। আলোচনার পর সভাপতি বলেন যে, কর্মক্ষেত্রে সততা, ন্যায়বিচার, কর্তব্যপরায়নতা ও দক্ষতা ইত্যাদি সমন্বয়ে শুদ্ধাচারের সফল বাস্তবায়ন সম্ভব। সুশাসনের জবাবদিহিমূলক উপকরণের মধ্যে শুদ্ধাচার কৌশল অন্যতম। মাঠ পর্যায় থেকে শুরু করে সকল পর্যায়ের কর্মক্ষেত্রে শুদ্ধাচার কৌশলের সঠিক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার অনুরোধ করেন।

০৩। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৩/২০২২

(মো: সাইফুল হাসান বাদল)
সচিব
ও
সভাপতি
নৈতিকতা কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ